

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১০১

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আরাফার দিনের ফযিলত ও হাজিদের নিয়ে আল্লাহর গর্ব করা

আরবী

101 – عن جابر (قال: قال رَسُوْلُ الله صلى الله عليه وسلم: « ما مِنْ أيامٍ عِنْدَ الله أَفْضَلُ مِنْ عَشْرِ ذِي الحِجَة»، قَال: فَقَالَ رَجُلُّ: يا رَسُولُ الله هُنّ أَفْضَلُ أَمْ عَدَدَهُنَّ جِهَادًا في سَبِيلِ الله، وما مِنْ يَوْم جَهَادًا في سَبِيلِ الله، وما مِنْ يَوْم أَفْضَلُ عِنْد الله مِنْ يَوم عَرَفة: يَنْزِلُ الله _ تَبَارُكَ وتَعَالَى _ إلى السْماءِ الدُّنيا فَيُباهي أَفْضَلُ عِنْد الله مِنْ يَوم عَرَفة: يَنْزِلُ الله _ تَبَارُكَ وتَعَالَى _ إلى السْماءِ الدُّنيا فَيُباهي بأهلِ الأرض أهلُ السْماءِ، فيقول: انْظُروا إلى عِبَادِي جَاءوا شُعْثًا غُبْرًا حَاجِين جَاءُوا مِنْ النَّارِ مِنْ مَنْ يَوم عَرَفة يَلْ مَنْ النَّارِ مِنْ يَوم عَرَفْة» . (حب) حسن لغيره

বাংলা

১০১. জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যিলহজ মাসের দশ দিন থেকে উত্তম আল্লাহর নিকট কোন দিন নেই"। তিনি বলেন: এক ব্যক্তি বলে: হে আল্লাহর রাসূল, এ দিনগুলোই উত্তম, না এ দিনগুলো আল্লাহর রাস্তায় জিহাদসহ উত্তম? তিনি বললেন: "জিহাদ ছাড়াই এগুলো উত্তম। আল্লাহর নিকট আরাফার দিন থেকে উত্তম কোন দিন নেই, আল্লাহ দুনিয়ার আসমানে অবতরণ করেন অতঃপর জমিনে বাসকারীদের নিয়ে আসমানে বাসকারীদের সাথে গর্ব করেন। তিনি বলেন: আমার বান্দাদের দেখ, তারা হজের জন্য এলোমেলো চুল ও ধূলিময় অবস্থায় দূর-দিগন্ত থেকে এসেছে। তারা আমার রহমত আশা করে, অথচ তারা আমার আযাব দেখে নি। সুতরাং এমন কোনো দিন দেখা যায় না যাতে আরাফার দিনের তুলনায় জাহান্নাম থেকে অধিক মুক্তি পায়"। [ইবনু হিব্বান] হাদিসটি হাসান লি গায়রিহি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন